

গরিব
মুঠা
২২
৪ JUN 2003
কলকাতা

যুগান্তর

আটজন শিক্ষক নিয়ে চলছে মাদারগঞ্জ সরকারি কলেজ

মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

শিক্ষক সংকটের কারণে মাদারগঞ্জ এইচজেড সরকারি কলেজে পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। '৬৮ সালে কলেজটি প্রতিষ্ঠার পর থেকে শিক্ষাদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হলেও বিগত '৮৭ সালে সরকারিকরণের পর থেকে কলেজটির সব ক্ষেত্রে অযোগ্যতাই লক্ষ্য করা যাচ্ছে। বর্তমানে কলেজটিতে ১৭ জন শিক্ষকের পদ আছে কিন্তু শিক্ষক আছেন মাত্র ৮ জন। দীর্ঘদিন ধরে ইংরেজি, রসায়ন, দর্শন, যুক্তিবিদ্যা, বাবুনানীতি ও প্রয়োগ, বাণিজ্যিক ভূগোল ও রপ্টবিজ্ঞানের কোন শিক্ষক নেই। এছাড়া ১ জন প্রদর্শক, ১ জন হিসাব সহকারী, ১ জন লাইব্রেরিয়ান ও ১ জন এমিএলএসস-এর পদও পূর্ণ। কলেজের ছাত্রছাত্রীরা জানায়, বিভিন্ন বিষয়ে শিক্ষক না থাকায় তারা বাধ্য হয়ে ওইসব বিষয়ে উপকেন্দ্রের একটি মহিলা কলেজের শিক্ষকদের কাছে প্রাইভেট পড়ছে। তারা জানায়, শিক্ষক সংকটের কারণে পাঠদান ব্যাহত হওয়ায় গত বছর কলেজ থেকে ৪৭৯ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হয়েছে মাত্র ২১ জন। ছাত্রছাত্রীরা জানায়, দীর্ঘদিন ধরে কলেজে কোন সাংস্কৃতিক কর্মকাণ্ডও নেই। তাদের ধারণা, বেঙ্গাধুলা কিংবা সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য সরকারিভাবে বরাদ্দকৃত টাকা কলেজ কর্তৃপক্ষ আয়সাং করছেন। কলেজটির এসব সমস্যার ব্যাপারে অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ মোগ্যজ্জম হোসেন জানান, কলেজটিতে প্রতিটি বিষয়ের বিপরীতে মাত্র ১ জন করে শিক্ষকের পদ আছে। এ কারণে কোন শিক্ষক ছুটিতে কিংবা বদলি হয়ে গেলে নতুন শিক্ষক না আসা পর্যন্ত ওই বিষয়ে পাঠদান সম্পূর্ণ বন্ধ হয়ে থাকে। এছাড়া কলেজের কাছাকাছি শিক্ষকদের থাকার জন্য কোন বাসভবন না থাকায় দূর এলাকার শিক্ষকরা এখানে এসে থাকতে চান না।